

সংবাদ বিজ্ঞপ্তি

ঢাকা, ২৬ মে ২০১৫ খ্রিস্টাব্দ

বরাবরঃ বার্তা প্রধান/বার্তা সম্পাদক/বার্তা প্রতিনিধি/সংস্কৃতি-পাতা সম্পাদক

“লে’তে দ্যু পোয়েত” বা “কবির গ্রীষ্ম” হলো আলিয়ঁস ফঁসেজ দো ঢাকা আয়োজিত দুইদিনব্যাপী একটি কবিতা উৎসব। এ উৎসবের এটিই প্রথম সংস্করণ যা বৃহস্পতিবার, ২৮ মে এবং শুক্রবার, ২৯ মে আলিয়ঁস ফঁসেজ ধানমন্ডি’র লা গ্যালারি’তে অনুষ্ঠিত হতে যাচ্ছে।

ফ্রান্স এবং ক্যানাডার কেবেক এ ১৯৯৯ সাল থেকে সংগঠিত অনুরূপ নামের একটি কবিতা উৎসব দ্বারা এ উৎসবটি অনুপ্রাণিত হয়েছে। এ উৎসবের মূল উদ্দেশ্য কবিতা এবং অভিব্যক্তিকে উদ্যাপন। কবিতা কেন জীবন্ত অথবা সচল এবং কীভাবে প্রভাবিত হয় বা প্রভাবিত করে, মানুষ কী করে কবিতা থেকে অফুরন্ত শক্তি আহরণ করে এবং কবিতা কীভাবে অন্বেষণকারীর পাথেয় হয়- তা এ উৎসবে আলোচিত হবে।

আমাদের আহ্বানে সাড়া দিয়ে উপস্থিত থাকছেন দেশের সম্মানিত কয়েকজন ব্যক্তিত্ব। উৎসব-কবি হিসেবে অধ্যাপক কায়সার হক এ উৎসব উপলক্ষে “বঙ্গসাহিত্যে ফরাসি সাহিত্যের অনুভাব” শিরোনামের একটি প্রবন্ধ (কিনোট) উপস্থাপন করবেন। অধ্যাপক আনিসুজ্জামান, আসাদ চৌধুরী, অধ্যাপক ইফফাত আরা নাসরীন মজিদ, মইনুদ্দীন খালেদ, মফিদুল হক, মুহম্মদ নুরুল হুদা, অধ্যাপক সলিমুল্লাহ খান, সুমন সাজ্জাদ, ও সৈয়দ শামসুল হক প্রমুখ তাদের প্রিয় কবিতাটি পড়বেন এবং কেন সে কবিতাটি তাঁকে অনুপ্রাণিত করে তা বলবেন।

এছাড়াও বিভিন্ন অনুষ্ঠানমালার মধ্যে- আগ্রহী কবিতাপ্রেমীরা পূর্বনিবন্ধনের মাধ্যমে কবিতা পাঠে অংশগ্রহণ করবেন, আয়োজন থাকছে “কবিতা এয়ারলাইন্স” নামক একটি প্রদর্শনীর যেখানে এক ধরনের ইনস্টলেশনের মাধ্যমে কাব্যানুরাগীদের স্বরচিত এবং প্রিয় কবিতা আর তাদের গভীরের গল্পগুলোকে তুলে ধরা হবে। ২০১৪ সালে ক্যানাডায় নির্মিত তথ্যচিত্র “ইফ দা পোয়েট” যেখানে ইয়ান ফ্লেঞ্চ নামক একজন মধ্যবয়স্ক ব্যক্তির প্রতিযোগিতামূলক কবিতা স্ল্যামের বিজয়ী হবার গল্প বলা হয়েছে, তার বিশেষ প্রদর্শনী এ উৎসবের অংশ হিসেবে আয়োজন করা হবে। এ মহাদেশে এ চলচ্চিত্রের এটাই প্রথম প্রদর্শনী হবে। বাংলাদেশের প্রথম কবিতা স্ল্যামের আয়োজন করা হচ্ছে। কবিতা নিয়ে ছোট্ট এবং মজার একটি সাধারণ জ্ঞানের প্রশ্ন-জিজ্ঞাসার আসর থাকছে। পরিশেষে গায়ক, গীতিকার এবং সুরকার সায়ান এবং ব্যান্ডদল মণোসরণী’র সঙ্গীত পরিবেশনার মাধ্যমে উৎসবের সমাপ্তি ঘটবে।

সবার জন্য উন্মুক্ত দুইদিনব্যাপী এ উৎসবের বৃহস্পতিবার, ২৮ মে অনুষ্ঠান চলবে বিকাল ৪টা থেকে রাত ৯টা পর্যন্ত এবং শুক্রবার, ২৯ মে চলবে বিকাল ৫টা থেকে রাত ৮টা পর্যন্ত। সংবাদ বিজ্ঞপ্তিটি প্রকাশের জন্য অগ্রিম ধন্যবাদ জ্ঞাপন করছি। সংস্কৃতিবিষয়ক সাংবাদিক ও আলোকচিত্রী প্রেরণ করা হলে বাধিত থাকব।

নিবেদক-

মামুন অর রশিদ

প্রোগ্রাম অফিসার, আলিয়ঁস ফঁসেজ দো ঢাকা। মোবাইলঃ ০১৬৭৮ ০৮৬ ৪৪৪